পশ্চিমবঙ্গ সরকার

# পশ্চিমবঙ্গ কর্মী চয়ন আয়োগ

ময়ূখ ভবন, ৪র্থ তল, সল্টলেক, কলকাতা – ৭০০ ০৯১

*বিজ্ঞাপন নং – ০২/ডব্লিউ বি এস এস সি/এস আর ডি/২০১৪*

*তপশিলী জাতি ও উপজাতি'দের জন্য বিশেষ নিয়োগ অভিযান-২০১৪*

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের বিভিন্ন অধিকার (Directorate), আঞ্চলিক অফিস এবং জেলা অফিসের নিম্নলিখিত পদগুলিতে নিয়োগের জন্য কেবলমাত্র তপশিলী জাতি ও উপজাতি ভুক্ত ভারতীয় নাগরিকদের নিকট হইতে নির্দিষ্ট নির্দেশ অনুযায়ী দরখাস্ত আহ্বান করা হচ্ছে। পশ্চিমবঙ্গ কর্মী চয়ন আয়োগ দ্বারা পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে এই পদগুলি পুরণ করার জন্য কর্মী নির্বাচন করা হবে এবং এই পরীক্ষা নেওয়া হবে ওয়েস্ট বেঙ্গল স্টাফ্ সিলেকশন কমিশন্ অ্যাক্ট – ২০১১ এর ৬(১) ধারা অনুযায়ী।

## মাধ্যমিক স্তরের পদগুলি

*ক. সংযুক্ত মাধ্যমিক স্তরের পরীক্ষা-২০১৪ এর মাধ্যমে নিয়োগের পদগুলি:-*
*পরীক্ষা কোড়: ০১/এস.আর.ডি/সি এম এল/১৪*

| পদ'এর নাম | পদ'এর কোড্ | দপ্তর/ অধিকার' এর নাম | আনুমানিক শূণ্য পদ'এর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | তপঃ জাতি | তপঃ উপজাতি | মোট |
| নিম্ন বর্গীয় করণিক/ সহায়ক | ৩৭৭ | সমবায় | ২ | ১ | ৩ |
| | | জনস্বাস্থ্য কারিগরী | ৩০ | ১০ | ৪০ |
| | | কলকাতা পুলিস | ৮ | ৪ | ১২ |
| | | প্রাণি সম্পদ বিকাশ | ২ | ১ | ৩ |
| | | খাদ্য ও সরবরাহ | - | ৭ | ৭ |
| | | স্কুল শিক্ষা | ১৮ | ৬ | ২৪ |
| | | ভূমি ও ভূমি সংস্কার | ২৩ | ১৪ | ৩৭ |
| | | শিল্প ও বানিজ্য | ৯ | ২ | ১১ |
| | | উচ্চ শিক্ষা | ৬ | ২ | ৮ |
| | | কৃষি | ২ | ১ | ৩ |
| | | স্বরাষ্ট্র ( ছাপাখানা বিভাগ) | ০ | ১ | ১ |
| | | কারিগরী শিক্ষা | ৩ | ১ | ৪ |
| | | মোট | ১০৩ | ৫০ | ১৫৩ |
| ভূমি সহায়ক | ৭৪ | ভূমি ও ভূমি সংস্কার | ৮৫ | ৩৮ | ১২৩ |
| আমিন | ৩৫ | ভূমি ও ভূমি সংস্কার | ৪৯ | ৩০ | ৭৯ |
| নকশাকার | ১৪৭ | ভূমি ও ভূমি সংস্কার | ১ | ২ | ৩ |

## উচ্চ মাধ্যমিক স্তরের পদগুলি

*ক. সংযুক্ত উচ্চ মাধ্যমিক স্তরের পরীক্ষা-২০১৪ এর মাধ্যমে নিয়োগের পদগুলি:-*
*পরীক্ষা কোড়:* ০২/এস.আর.ডি/সি.এইচ.এস.এল/১৪

| পদ'এর নাম | পদ'এর কোড্ | দপ্তর/ অধিকার' এর নাম | আনুমানিক শূণ্য পদ'এর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | তপঃ জাতি | তপঃ উপজাতি | মোট |
| কৃষি প্রযুক্তি সহায়ক | ৩৪৫ | কৃষি | ৩৫ | ১৭ | ৫২ |
| ভেটেনারি ফার্মাসিস্ট | ৬৮৩ | প্রাণি সম্পদ বিকাশ | ৪ | ০ | ৪ |

## বেতন ক্রম ( গ – বর্গীয় পদ)

| পদ | বেতন ক্রম |
|---|---|
| নিম্ন বর্গীয় করণিক/ সহায়ক | পে-বেন্ড-২<br>(৫৪০০টা: - ২৫২০০টা:)<br>পে-বেন্ড-২ এ<br>প্রারম্ভিক বেতন: ৬২৪০টা: এবং গ্রেড পে:২৬০০টা: |
| ভূমি সহায়ক | |
| আমিন | |
| কৃষি প্রযুক্তি সহায়ক | পে-বেন্ড-২<br>(৫৪০০টা: - ২৫২০০টা:)<br>পে-বেন্ড-২ এ<br>প্রারম্ভিক বেতন: ৬৭০০টা: এবং গ্রেড পে:২৯০০টা: |

গুরুত্বপূর্ণ টীকা: সকল গ-বর্গীয় পদের ক্ষেত্রে নিয়োগের শর্তাবলী অর্থ দপ্তরের বিজ্ঞপ্তি নং: ১৮৩২-এফ(পি) তার ১-৩-২০১৩ দ্বারা বিজ্ঞাপিত ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস ( অ্যাপোয়েন্টমেন্ট্, প্রবেশন এ্যান্ড অবজরপ্শন্ অফ গ্রুপ সি এমপ্লয়ীজ) রুলস্-২০১৩ এর বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

শিক্ষানবিশির সময় (তিন বৎসর কাল) সংশ্লিষ্ট কর্মচারী কেবলমাত্র গ-বর্গীয় পদের বা কৃত্যকের বা ক্যাডার'এর বা পদ পর্যায়'এর প্রবেশকালের বেতন যথা মূল বেতন (বেসিক পে) এবং গ্রেড পে পাবেন। এছাড়া প্রতি বৎসর তিন শতাংশ হারে বেতন বৃদ্ধি এবং চিকিৎসা ভাতা (যদি প্রযোজ্য হয়) পাবেন।

## বেতন ক্রম ( খ – বর্গীয় পদ)

| পদ | বেতন ক্রম |
|---|---|
| নকশাকার | পে-বেন্ড-৩<br>(৭১০০টা: - ৩৭৬০০টা:)<br>পে-বেন্ড-৩ এ<br>প্রারম্ভিক বেতন: ৭৪৪০টা: এবং গ্রেড পে:৩৬০০টা: |
| ভেটেনারি ফার্মাসিস্ট | পে-বেন্ড-৩<br>(৭১০০টা: - ৩৭৬০০টা:)<br>পে-বেন্ড-৩ এ<br>প্রারম্ভিক বেতন: ৭১০০টা: এবং গ্রেড পে:৩২০০টা: |

## যোগ্যতার মাপকাঠি/ শিক্ষাগত যোগ্যতা

| পদ | | যোগ্যতার মাপকাঠি |
|---|---|---|
| নিম্ন বর্গীয় করণিক/ সহায়ক | - | • প: ব: মধ্যশিক্ষা পর্ষদ বা সমতুল প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক পরীক্ষায় পাশ।<br>• কমপিউটার চালনায় প্রাথমিক জ্ঞান এবং সেই সঙ্গে কোন প্রখ্যাত প্রতিষ্ঠান থেকে প্রতি মিনিটে ইংরাজি টাইপ এর ক্ষেত্রে ৩৫টি এবং বাংলা টাইপ এর ক্ষেত্রে ২৫টি শব্দ টাইপ করার যোগ্যতা সম্বলিত ৬-মাসের প্রশিক্ষনের শংসাপত্র। |
| ভূমি সহায়ক | - | • প: ব: মধ্যশিক্ষা পর্ষদ বা সমতুল প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক পরীক্ষায় পাশ।<br>• কথ্য এবং লিখিত বাংলায় ভাল কার্যকরী জ্ঞান। |
| আমিন | - | • প: ব: মধ্যশিক্ষা পর্ষদ বা সমতুল প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক পরীক্ষায় পাশ।<br>• কমপিউটার চালনায় প্রাথমিক জ্ঞান এবং সেই সঙ্গে কোন প্রখ্যাত প্রতিষ্ঠান থেকে প্রতি মিনিটে ইংরাজি টাইপ এর ক্ষেত্রে ৩৫টি এবং বাংলা টাইপ এর ক্ষেত্রে ২৫টি শব্দ টাইপ করার যোগ্যতা সম্বলিত ৬-মাসের প্রশিক্ষনের শংসাপত্র। |

| | | |
|---|---|---|
| নকশাকার | - | • প: ব: মধ্যশিক্ষা পর্ষদ বা সমতুল প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক পরীক্ষায় পাশ।<br>• ওয়েস্ট বেঙ্গল সার্ভে ইন্সটিউট, ব্যান্ডল থেকে সিনিয়র সার্ভেয়রশিপ এর সার্টিফিকেট বা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট বা সমতুল প্রতিষ্ঠান থেকে ন্যাশানেল ট্রেড সার্টিফিকেট অন সার্ভেয়রশিপ অবশ্যই থাকতে হবে।<br>• সমীক্ষার কাজে তিন বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>• বাংলা বা নেপালি ভাষায় লেখা ও কথা বলার ক্ষমতা থাকতে হবে। |
| ভেটেনারি ফার্মাসিস্ট | - | • প: ব: উচ্চ মাধ্যমিক সংসদ বা সমতুল প্রতিষ্ঠান থেকে জীবন বিজ্ঞান বিষয় সহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক (১০+২) পাশ।<br>• বোর্ড অফ ভেটেনারি এডুকেশন এর অনুমোদিত ভেটেনারি ফার্মাসিতে ২বছরের ডিপ্লোমা বা প:ব: বোর্ড অফ ভেটেনারি এডুকেশন অনুমোদিত সমতুল শিক্ষাক্রম বা চাকুরী কালীন (In service) সংক্ষিপ্ত শিক্ষাক্রমে ভেটেনারি ফার্মাসিতে ডিপ্লোমা পাশ।<br>• বাংলা বা নেপালি ভাষায় লেখা ও কথা বলার ক্ষমতা থাকতে হবে। |
| কৃষি প্রযুক্তি সহায়ক | - | • কোন পর্ষদ/ সংসদ থেকে উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। |

টীকা – পদপ্রার্থীকে উপরিল্লিখিত যোগ্যতাসমূহ (গুলি) এই বিজ্ঞাপন প্রকাশের দিন বা তার পূর্বে অবশ্যই অর্জন করতে হবে।

- শংসাপত্র (গুলি) পরীক্ষার যে কোন স্তরে যদি দেখা যায় যে, পদপ্রার্থী যোগ্যতাসমূহ অর্জন করেছেন সেটি এই বিজ্ঞাপন প্রকাশের পরের কোন তারিখে তাহলে তাঁর প্রার্থীত্বপদ সরাসরি বাতিল করা হবে।

## বিশেষ শর্তাবলী

| পদ | শর্তাবলী |
|---|---|
| নিম্ন বর্গীয় করনিক/সহায়ক | • পোস্টিং (বহাল) এর ইচ্ছা/বিকল্প – জেলাভিত্তিক শূন্যপদের নিরীখে পদপ্রার্থীরা তাঁদের আবেদনপত্রে অগ্রাধিকারের ভিত্তিতে যে কোন দুটি জেলা (কলকাতাসহ) বিকল্প হিসাবে চিহ্নিত করতে পারবেন।<br>• নির্বাচিত পদপ্রার্থিকে জেলার জন্য মনোনয়নের ক্ষেত্রে বিবেচিত হবে (১) মেধাতালিকা (২) দরখাস্ত বা আবেদনপত্রে উল্লিখিত বিকল্প ( Option) এর অগ্রাধিকারের ভিত্তিতে।<br>• অবশ্য একজন পদপ্রার্থী যদি মেধাতালিকার ভিত্তিতে তাঁর দরখাস্ত / আবেদনপত্রে উল্লিখিত বিকল্প জেলাগুলি না পান সেক্ষেত্রে তাঁকে অন্য জেলার জন্য মনোনয়ন করা হবে।<br>• পদপ্রার্থীর জেলা মনোনয়ের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।<br>• নিম্ন বর্গীয় করনিক / সহায়ক পদে নিযুক্ত পদাধিকারীকে কম্পিউটার চালনার প্রাথমিক জ্ঞানের সঙ্গে কম্পিউটারে টাইপ করার যোগ্যতা অর্জনের পরীক্ষায় অবশ্যই পাশ করতে হবে। এই পরীক্ষা ছ-মাস অন্তর বছরে দুবার অনুষ্ঠিত হবে। পদাধিকারি যদি এই পরীক্ষায় পাশ না করতে পারেন সেক্ষেত্রে তাঁর বাৎসরিক বেতনবৃদ্ধি হবে না এবং বৃত্তিগত সকল সুবিধা ছাড়া 3 Career Advancement Scheme এর আওতায় সকল সুবিধা থেকে বঞ্চিত হবেন।<br>স্টাফ সিলেকশন কমিশন এই কম্পিউটার এর পরীক্ষা পরিচালনা করবে। |

| | |
|---|---|
| কৃষি প্রযুক্তি সহায়ক | পোস্টিং এর ইচ্ছা/বিকল্প - জেলাভিত্তিক শূন্যপদের ভিত্তিতে প্রত্যেকটি পদপ্রার্থীকে একটি নির্দিষ্ট জেলা আবেদনপত্রে বেছে নিতে হবে এবং তিনি কেবল মাত্র সেই জেলার সংবিবেচিত হবেন।<br>প্রশিক্ষন - নির্বাচিত পদপ্রার্থীকে প্রাক-চাকরি ৬-মাস সময়কালের প্রশিক্ষন নিতে হবে বিভাগীয় কৃষি প্রশিক্ষন কেন্দ্রে। বা সরকার অনুমদিত অন্য কোন প্রশিক্ষন কর্মসূচীতে। এই প্রশিক্ষন কর্মসুচী সকলভাবে সম্পূর্ন করার পরই তাঁদের নিয়োগপত্র দেওয়া হবে।<br>নিয়োগপত্র কৃষি প্রযুক্তি সহায়ককে নিয়োগের সময় থেকে তিন বছরের মধ্যে ছয় মাসের চাকুরি কালীন একটি প্রশিক্ষন নিতে হবে। বিশেষক্ষেত্রে কৃষি অধিকার এই তিন বছর সময় কাল বাড়াতে পারেন। চাকুরিকালীন এই ছয় মাসের এই প্রশিক্ষনটি সকলভাবে সম্পূর্ন করার ওপর কৃষি প্রযুক্তি সহায়ক পদে স্থায়ীকরন নির্ভর করবে। |

## বয়স

- পদপ্রার্থীর বয়স ১ লা জানুয়ারী ২০১৪ তারিখের নিরীক্ষে অবশ্যই ১৮ এর কম হবে না এবং ৪৫ বৎসরের বেশী হবে না।
- যে সকল পদপ্রার্থী একাদিক্রমে অন্তত দু-বৎসরকাল সরকারি চাকরি করেছেন তাঁদের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা দু-বৎসর শিথিল করা হবে। পদপ্রার্থী অবসর প্রাপ্ত সেনা কর্মচারী (এক্স সার্ভিসমেন) দের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা শিথিল করার ক্ষেত্রে তাদের কার্যকালের সময়সীমার ভিত্তিতে প্রস্তুত নিয়মের উপর। (অর্থদপ্তরের প্রজ্ঞাপন নং ৬২৪৯ এক তার ১৩-৬-১৯৮২)
- যে সকল পদপ্রার্থী সরকারি কর্মচারী হিসাবে বয়েসের উর্দ্ধসীমা শিথিল এর সুযোগ পাইবেন তাদের নিয়োগকর্তার দেওয়া একাদিক্রমে সরকারি কার্যকাল এর সময়-উল্লেখ সম্বনিত একটি শংসাপত্র সাক্ষাৎকার (Interview) এর সময় দাখিল করতে হবে। অন্যথায় তাঁদের প্রার্থীত্ব বাতিল হবে এবং মিথ্যা ঘোষনাপত্রের জন্য তাদের বিরুদ্ধে আইনানুস ব্যবস্থা নেওয়া হতে পারে।

  জন্ম তারিখের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরিক্ষার অ্যাডমিট কার্ড / শংসাপত্রে উল্লিখিত তারিখই গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে।

# পরিকল্প এবং পাঠ্যসূচী

এস.আর.ডি. – কম্বাইন্ড মাধ্যমিক লেভেল এক্সামিনেশন – ২০১৪

পরীক্ষার কোড – ০১/এস.আর.ডি/সি.এম.এল/১৪

ক: পরীক্ষার পরিকল্প – এই পরীক্ষার দুটি ভাগ যথা পার্ট – ১ ও পার্ট – ২ এবং এই দুটি ভাগের পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে। পার্ট – ১ পরীক্ষা হবে ১০০ নম্বরের এবং তাতে ১০০ টি প্রশ্ন থাকবে এবং প্রতিটি প্রশ্নের মান হবে ১ নম্বর। এবং এই ভাগে ইংরেজি ৩০ নম্বর, সাধারন জ্ঞান ৪০ নম্বর এবং পাটীগণিত ৩০ নম্বর এর ওপর বহুগুনিত বিষয়মুখি (Multiple Choice) প্রশ্ন থাকবে।

পার্ট – ২ তে সাধারন ভাবে লিখিত পরীক্ষার প্রশ্ন থাকবে দুইটি ভাগে

গ্রুপ-এ – ইংরেজি

গ্রুপ-বি – বাংলা/হিন্দি/উর্দু/নেপালি

পার্ট – ২ এর প্রত্যেক ভাগে ৫০ নম্বরের পরীক্ষা হবে।

পার্ট – ১ পরীক্ষার ক্ষেত্রে সময়সীমা থাকবে ১ঘঃ ৩০মিঃ এবং পার্ট – ২এর ক্ষেত্রে সময়সীমা হবে ১ঘঃ।

টীকা-১: যে সকল পদপ্রার্থী পার্ট – ২ এর গ্রুপ-বি ভাগে বাংলার পরিবর্তে হিন্দি, উর্দু বা নেপালি ভাষা বেছে নেবেন তাদের চাকরিতে স্থায়ীকরনের আগে শিক্ষানবিশীকালে বিভাগীয় পরীক্ষায় বাংলা ভাষার পরীক্ষায় পাশ করতে হবে।

টীকা-২: কমিশন প্রথমে পার্ট – ১ পরীক্ষার উত্তরপত্র মুল্যায়ন করবে। পার্ট – ২ এর উত্তরপত্রের মুল্যায়ন করা হবে কেবলমাত্র সেই সকল প্রার্থীদের যারা পার্ট – ১ পরীক্ষায় কমিশন কর্তীক স্থিরীকৃত নির্দিষ্ট নম্বর পাবেন। এবং সর্বশেষে এই পরীক্ষার মেধাতালিকা তৈরি করা হবে পার্ট – ১ এবং পার্ট – ২ পরীক্ষার প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে।

টীকা-৩: এই পরীক্ষার মান হবে পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের দ্বারা পরিচালিত মাধ্যমিক পরীক্ষার মানের সমতুল।

খ: পরীক্ষার পাঠ্যসূচী

পরীক্ষার পাঠ্যসূচী বিস্তারিত ভাবে নিচে দেওয়া হল।

পার্ট – ১

ইংরেজি – ইংরেজি ভাষার অত্যাবশ্যকীয় বিষয়গুলি যেমন, ইংরেজি ভাষায় ব্যবহৃত শব্দের ব্যবহার, ব্যকরণ, বাক্যের গঠন, সমার্থক ও বিপরীতার্থক শব্দ এবং তার সঠিক ব্যবহার।

সাধারন জ্ঞান – দৈনন্দিন জীবনে নিরীক্ষনযোগ্য ঘটনাবলী এবং এই সম্পর্কিত বিজ্ঞান, ভারতবর্ষের নিরীক্ষে সাময়িক প্রসঙ্গ এবং সমস্যাবলী ও ভারতীয় ইতিহাস এবং ভূগল বিষয়ে প্রাথমিক জ্ঞান।

পাটিগণীত – বিভাজ্যতা, ভগ্নাংশ, দশমিক, সরল, ল.সা.গু, গ.সা.গু অংশীদারি

পার্ট – ২

গ্রুপ-এ – ইংরেজি

(ক) প্রশ্নে উল্লিখিত নির্দিষ্ট বিবেচ্য বিষয়ের উপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন।

(খ) গদ্যাংশের সংক্ষিপ্তসার বা সারাংশ।

(গ) বাংলা / হিন্দি / উর্দু / নেপালি যেটি প্রযোজ্য হবে সেটির অনুবাদ।

গ্রুপ-বি – বাংলা / হিন্দি / উর্দু / নেপালি

(ক) প্রশ্নে উল্লিখিত নির্দিষ্ট বিবেচ্য বিষয়ের উপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন।

(খ) গদ্যাংশের সংক্ষিপ্তসার বা সারাংশ।

(গ) ইংরেজি থেকে বাংলা / হিন্দি / উর্দু / নেপালি তে অনুবাদ।

## এস.আর.ডি. – হায়ার সেকেন্ডারি লেভেল এক্সামিনেশন – ২০১৪

## পরীক্ষার কোড – ০২/এস.আর.ডি/সি.এইচ.এস.এল/১৪

### লিখিত পরীক্ষার পরিকল্প এবং পাঠ্যসূচী

উপরিল্লিখিত পরীক্ষার পরিকল্প এবং পাঠ্যসূচী কমিশনের ওয়েবসাইট -এ বিস্তারিত ভাবে যথা সময়ে বিজ্ঞাপিত করা হবে।

### আবেদনপত্র দাখিলের সময়সীমা

খবরের কাগজে বিজ্ঞাপন এবং কমিশনের ওয়েবসাইট্'এ (www.wbssc.gov.in) প্রকাশিত বিজ্ঞপ্তির দিন থেকে ৭ই নভেম্বর, ২০১৪ এর বিকাল ৪টের মধ্যে অনলাইন বা অফলাইন মারফৎ কমিশনের দপ্তরে আবেদনপত্র অবশ্যই পৌছাতে হবে। সর্বশেষ তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ডাকে পাঠানো আবেদনপত্র কমিশনে দেরিতে পৌঁছনো বা পাঠানোর সময় হারিয়ে যাওয়া আবেদনপত্রের জন্য কমিশন কোনভাবেই দায়বদ্ধ থাকবেনা। পদপ্রার্থীদের সুনিশ্চিত করতে হবে যে, তাঁদের আবেদনপত্র নির্দিষ্ট তারিখে ও সময়ের মধ্যে অবশ্যই কমিশনের দপ্তরের পৌঁছায়।

অফলাইনে পাঠানোর সময় পদপ্রার্থীবা যথাযথ ভাবে পূরন করা আবেদনপত্রের সহিত লাগানো ই-পেমেন্ট রশিদের একটি ফোটোকপি অবশ্যই রেখে দেবেন, যাতে করে পরবর্তিকালে কমিশনের সঙ্গে উল্লেখের সময় এটি কাজে লাগে, কেননা এই আবেদন পত্রের ফোটোকপি ছাড়া কমিশনের সঙ্গে কোনরকম যোগাযোগ করা সম্ভব নয়।

### পরীক্ষার ফি এবং প্রক্রিয়াকরণ ফি

তপশিলী জাতি ও তপশিলী উপজাতি দের জন্য বিশেষ নিয়োগ অভিযানের ক্ষেত্রে পদপ্রার্থীদের জন্য কোন পরীক্ষা ফি দিতে হবেনা; অবশ্য পদপ্রার্থীদের প্রক্রিয়াকরণ ফি হিসেবে ২০ (কুড়ি) টাকা দিতে হবে।

আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ ফি সংযুক্ত না থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য করা হবে এবং এই বিষয়ে কমিশনের তরফ থেকে পদপ্রার্থীর সঙ্গে কোনরকম যোগাযোগ করা হবে না।

### আবেদনপত্র জমা দেওয়ার পদ্ধতি

কমিশন পদপ্রার্থীদের আবেদনপত্র জমা দেওয়ার জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছে :-

ক। অনলাইন'এ জমা দেওয়া:-

- পদপ্রার্থীরা যথাযথ ভাবে পূরণ করা/ মূল তথ্যগুলি সম্বলিত আবেদনপত্রের সঙ্গে স্ক্যান করা ছবি ও সই সহ কমিশনের ওয়েবসাইট্ (www.wbssc.gov.in) এর মাধ্যমে জমা দিতে পারবেন।
- অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার ফি এবং প্রক্রিয়াকরণ ফি জমা দেওয়া যাবে ডেবিড কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং এর সাহায্যে। ডেবিড কার্ড/ ক্রেডিট কার্ড ও নেট ব্যাঙ্কিং এর সাহায্যে ফি জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট এজেন্সি ৫ টাকা 'সার্ভিস চার্জ' নিতে পারবে।
- অনলাইন এর মাধ্যমে আবেদনকারি তাঁদের সম্প্রতি তোলা ছবির সাথে পুরো সই স্ক্যান করে আপলোড করতে হবে।
- অনলাইন'এ আবেদনপত্র সফল্ভাবে জমা দেওয়ার সঙ্গে সঙ্গে রেজিস্ট্রেশন নং সম্বলিত একটি রশিদ স্বাভাবিক ভাবেই পাওয়া যাবে। পদপ্রার্থীরা অতি অবশ্যই এই রেজিস্ট্রেশন নং টি সংরক্ষন করবেন এবং কমিশনের সঙ্গে পরবর্তিকালে যোগাযোগের সময় এটি অবশ্যই উল্লেখ করতে ভুলবেন না।
- পদপ্রার্থীরা অনলাইন'এ তাঁদের আবেদনপত্র সফলভাবে পাঠানো/ জমা দেওয়ার পর এটি অবশ্যই 'সেভ' করবেন বা একটি প্রতিলিপি রাখবেন পরবর্তিকালে ব্যবহারের সূত্র হিসাবে।

খ। তথ্য-মিত্র কেন্দ্রের মাধ্যমে অনলাইন'এ জমা দেওয়া:-

- রাজ্যের গ্রাম-পঞ্চায়েত এলাকার পদপ্রার্থীদের অনলাইন'এ আবেদনপত্র জমা দেওয়ার জন্য রাজ্য সরকার স্থাপিত প্রায় ১৮০০ তথ্য-মিত্র কেন্দ্রের সুবিধা পাওয়া যাবে। এর জন্য কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা ইতিমধ্যেই করেছে।

- আবেদনকারিরা তাঁদের এলাকার যে কোন তথ্য-মিত্র কেন্দ্রে তাঁদের সমস্ত তথ্য ও পাশপোর্ট সাইজ এর ছবি সমেত যোগাযোগ করতে পারেন। তথ্য-মিত্র কেন্দ্র গুলির তালিকা ওয়েবসাইট্'এ দেওয়া হয়েছে। ঐ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মচারী আবেদনকারির দেওয়া তথ্যের ভিত্তিক আবেদনপত্রটি অনলাইন'এ পূরণ করবেন।

- তিনি আবেদনকারির ছবি এবং সই স্ক্যান করবেন এবং এটি আপলোড করবেন।

- আবেদনকারি তাঁদের আবেদনপত্রে দেওয়া বিস্তারিত তথ্য অনলাইন পেমেন্টের পূর্বে অতি অবশ্যই অন-স্ক্রিন খুঁটিয়ে দেখে নেবেন।

- প্রক্রিয়াকরণ ফি তথ্য-মিত্র কেন্দ্র কে দিতে হবে। তথ্য-মিত্র কেন্দ্র আবেদনকারির আবেদনপত্র যথাযথ ভাবে পুরণ করা এবং সেই সঙ্গে তাঁর রঙিন ছবি এবং সই স্ক্যান করে আপলোড করা এবং তাঁর প্রক্রিয়াকরণ ফি অনলাইন'এ পেমেন্ট করার জন্য 'সার্ভিস চার্জ' হিসাবে ২০(কুড়ি) টাকা অতিরিক্ত চার্জ করতে পারবে।

- তথ্য-মিত্র কেন্দ্রের মাধ্যমে অনলাইন'এ আবেদন পাঠানোর ক্ষেত্রে কেন্দ্রের কর্মচারীকে সর্বমোট ৪০(চল্লিশ) টাকা ( প্রক্রিয়াকরণ ফি ২০টাকা এবং সার্ভিস চার্জ ২০টাকা) দিতে হবে।

- আবেদনকারিরা কোন ক্ষেত্রেই উপরিল্লিখিত ফি ও চার্জ ব্যতিরেকে অতিরিক্ত টাকা তথ্য-মিত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মচারীকে দেবেন না।

- প্রক্রিয়াকরন কি এবং সর্ভিস চার্ট জমা দেওয়ার পর তথ্যমিত্র কেন্দ্রের কার্যকারী আবেদনপত্রটি সকল ভাবে অনলাইন পাঠানোর প্রমান স্বরুপ একটি ছাপানো রসিদ সম্বলিত রেজিস্ট্রেশন নম্বর আবেদনকারীকে তুলে দেবেন।

- আবেদনকারীরা অতি অবশ্যই রসিদটি গুছিয়ে রেখে দেবেন এবং কমিশনের সঙ্গে পরবর্তিকালে যোগাযোগের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর তি উল্লেখ করতে ভুলবেন না।

- আবেদনকারীরা তথ্যমিত্র কেন্দ্রের তরফে কোনরূপ অসহযোগিতার অভিযোগ থাকলে সংশ্লিষ্ট কেন্দ্রের বিস্তারিত তথ্য সহ ই-মেলের মাধ্যমে (**adm.ssc-wb@nic.in**) কমিশনকে জানাতে পারেন।

গ: <u>অফলাইনে জমা</u>

- অফ-লাইনে আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে আবেদন পত্রের নিদর্শ (ফর্ম) টি কেবলমাত্র কমিশনের ওয়েবসাইট থেকে (**www.wbssc.gov.in**) অবশ্যই ডাউনলোড করতে হবে। এক্ষেত্রে তথ্যমিত্র কেন্দ্র গুলিকে ছয় টাকার বিনিময়ে আবেদনকারির সামনে কমিশনের ওয়েবসাইট থেকে সরাসরি ডাউনলোড করে দেওয়ার জন্য কমিশনের তরফ থেকে অনুমদন দেওয়া হয়েছে।

- অফ-লাইনে দরখাস্তের ক্ষেত্রে নিদর্শটি ডাউনলোড করে অবশ্যই ৭৫ জি.এস.এম, এ-৪ মাপের সাদা কাগজের দুই পৃষ্ঠাই ছাপতে হবে। পুর্বে নির্দিষ্ট বিবরন এবং মাপের <u>ব্যতিরেকে</u> ছাপা নিদর্শে আবেদনপত্রটি কমিশন সরাসরি বাতিল করবে।

- অনলাইনে ডাউনলোড করা প্রতিটি নিদর্শে একটি বারকোড সহ একমাত্র নম্বর ( **Unique Number**) থাকেবে। যে নিদর্শে এই বারকোড এবং একমাত্র নম্বর থাকেবে না কমিশনে সেটি গ্রহনযোগ্য হবে না।

- আবেদনকারীরা কোনক্ষেত্রেই ফটোকপি ছাপা / টাইপ করা / হাতে লেখা / ছাপানো বা স্ক্যান করা নিদর্শ আবেনদন পত্র হিসাবে ব্যবহার করবে না। সেক্ষেত্রে কমিশন সেই নিদর্শটি সরাসরি বাতিল করবে।

- আবেদনকারীরা অবশ্যই খেয়াল রাখবেন যে আবেদনপত্রের নিদর্শটি তাদের সামনে ডাউনলোড করে ছাপানোর সময় সেই নিদর্শটিতে অবশ্যই একমাত্র নম্বর এবং বারকোড আছে। এই বিষয় গুলি যদি সুনিশ্চিত না করা হয় সেক্ষেত্রে একই একমাত্র এবং বারকোড সম্বলিত নিদর্শ একাধিক আবেদনকারি পেতে পারে। এই পরিস্থিতিতে একাধিক আবাদনকারি একই রেজিস্ট্রেশন নম্বর পেতে পারে এবং সেক্ষেত্রে প্রার্থীত্ব বাতিল হয়ে যেতে পারে।

- আবেদনকারি অবশ্যই কোন বিক্রেতার কাছ থেকে বিভিন্ন পরীক্ষায় ছাপানো বা প্রতিলিপি (**Copy**) নিদর্শ কিনে তা ব্যবহার করবেন না।

- কোন আবেদনপত্রের নিদর্শ যদি একই একমাত্র নম্বর এবং বারকোড এর কারনে বাতিল হয় তার জন্য কমিশন দায়ী থাকবে না। একই একমাত্র নম্বর এবং বারকোড সম্বলিত আবেদনপত্র প্রাথমিক বাছাই এর সময় সরাসরি বাতিল করা হবে এবং সেক্ষেত্রে আবেদনকারি প্রার্থীত্ব বাতিল হবে।

- অফলাইনে আবেদন করার ক্ষেত্রে নির্ধারিত প্রক্রিয়াকরন ফি ই-পেমেন্ট সুবিধা যুক্ত যেকোন ডাকঘরে জমা দেওয়া যাবে। এই ই-পেমেন্ট সুবিধা যুক্ত ৭০০ এর ও বেশি ডাকঘর এই রাজ্যে আছে যার তালিকা কমিশনের ওয়েবসাইট –এ পাওয়া যাবে (**www.wbssc.gov.in**)।

- সংশ্লিষ্ট ডাকঘর পরীক্ষার ফি / প্রক্রিয়াকরণ ফি জমা দেওয়ার প্রমান স্বরুপ একটি রসিদ দেবে যেটি আবেদনপত্রের নিদর্শের দ্বিতীয় পৃষ্টায় নির্দিষ্ট স্থানে লাগিয়ে দিতে হবে।

- আবেদনকারিকে এর জন্য ডাকবিভাগকে ই-পেমেণ্ট এর মাধ্যমে ২০ টাকা প্রতিক্রিয়াকরন ফি জমা দেওয়ার জন্য ৬ টাকা সার্ভিস চার্জ জমা দিতে হবে।

- ডাকবিভাগের দেওয়া ই-পেমেন্ট এর আসল রসিদটি আবেদনপত্রের নিদর্শে লাগানোর পর আবেদনকারি এর উপর পুরো স্বক্ষর করবেন।

- অফ-লাইন আবেদনপত্রের নিদর্শটির দ্বিতীয় পৃষ্ঠা নির্দিষ্ট স্থানে প্রয়োজনীয় প্রক্রিয়াকরন ফি জমা দেওয়ার প্রমান স্বরুপ ই-পেমেন্ট এর আসল রসিদ লাগানো নিদর্শই পরবর্তী সময়ে কমিশনে ব্যবহারের জন্য গ্রহনযোগ্য হবে।

- অন্য কোন মাধ্যমে জমা দেওয়া পরীক্ষা ফি / প্রক্রিয়াকরন ফি যেমন, পোষ্টাল অর্ডার / মানি অর্ডার / চেক / ব্যাঙ্ক ড্রাফ্‌ট / নগদ ইত্যাদি কমিশনে কোন ভাবেই গ্রহনযোগ্য হবে না। যে সকল নিদর্শের সঙ্গে উল্লিখিত মাধ্যমন্ডলির কোন একটিতে জমা দেওয়ার প্রমান পত্র সহ আবেদন পত্র কমিশনে পৌঁছাবে সেটি সরাসরি বাতিল করা হবে। এর পরিমান অর্থ রাজ্য সকারের সুনির্দিষ্ট তহবিলে জমা দেওয়া হবে।

- যথাযথ ভাবে পুরন করা আবেদনপত্রের নিদর্শটি ডাকযোগে নীচে দেওয়া ঠিকানায় পাঠিয়ে দেবেন।

সচিব, তথা পরীক্ষাসমূহের নিয়ামক,
পশ্চিমবঙ্গ কর্মী চয়ন আয়োগ
ময়ুখ ভবন, ৪র্থ তল, সল্ট লেক, কলকাতা- ৭০০০৯১

আবেদনপত্র সম্বলিত খামের উপরে নিয়োগের নাম এবং যে পদ / পদগুলির জন্য আবেদন করা হয়েছে তা সুস্পষ্ট ভাবে লিখতে হবে এবং এটি কমিশনের অফিসে আবেদন করার শেষ তারিখে নির্দিষ্ট সময়ের আগে অবশ্যই পৌঁছে দিতে হবে।

# গুরুত্বপুর্ণ টীকা

- এই রাজ্যের জন্য তালিকাভুক্ত তপঃ জাতি ও তপঃ উপজাতি ভুক্ত  পদপ্রার্থীরা কেবলমাত্র তপঃ জাতি ও তপঃ উপজাতিদের জন্য নির্দিষ্ট করা সংরক্ষণ এবং বয়স  ছাড়ের সুবিধা পাবেন। শতকরা ৪০ ভাগের বেশী প্রতিবন্ধকতা সহ শারীরিক প্রতিবন্ধীরা এবং অবসরপ্রাপ্ত সামরিক কর্মীরা এই ছাড়ের সুবিধা পাবেন।
- সংক্ষিপ্ত তালিকাভুক্ত তপঃ জাতি ও তপঃ উপজাতি ভুক্ত পদপ্রার্থীদের শংসাপত্র যাচাই এর সময় তাঁদেরকে যোগ্য আধিকারিক দ্বারা প্রদেয় জাতিগত আসল শংসাপত্র দাখিল করতে বলা হবে। যোগ্য আধিকারিকদের দ্বারা প্রদেয় জাতিগত শংসাপত্রটি অবশ্যই হতে হবে ওয়েষ্ট বেঙ্গল সিডিউলড কাস্টস্ এণ্ড সিডিউলড ট্রাইব্স্ (আইডেন্টিফিকেশন) অ্যাক্ট  – ১৯৯৪ এবং তপঃ জাতি ও তপঃ উপজাতি বিভাগের আদেশনামা ২৬১  – টি ডব্লিউ/ইসি/এস আর – ১০৩ / ৯৪ তাং ০৬-০৪-১৯৯৫ অনুযায়ী।
- সংক্ষিপ্ত তালিকাভুক্ত অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীদের ক্ষেত্রে ব্যসের ঊর্দ্ধসীমা সংক্রান্ত বিশেষ ছাড়ের সুবিধা পেতে হলে তাঁদেরকে সামরিক বিভাগে চাকরি সংক্রান্ত প্রাসঙ্গিক দস্তাবেজের আসল যাচাই এর সময় অবশ্যই দাখিল করতে হবে।
- কোনভাবেই এই আবেদন পত্র সরাসরি কমিশনের অফিসে জমা দেওয়া যাবে না।
- আবেদন পত্র অবশ্যই ডাকযোগে জমা দেওয়ার শেষ তারিখে নির্দিষ্ট সময়ের আগে কমিশনে পৌঁছতে হবে।  যে সকল আবেদন পত্র জমা দেওয়ার শেষ দিন ও নির্দিষ্ট সময়ের পরে পৌঁছাবে সেগুলি সরাসরি বাতিল করা হবে।
- অফ লাইনে সম্পূর্ণ ভাবে পূরণ করা আবেদন পত্রের সঙ্গে অবশ্যই নিম্নলিখিত জিনিসগুলি থাকতে হবেঃ –
    - (১) পরীক্ষার ফি / প্রক্রিয়াকরণ ফি জমা দেওয়ার প্রমাণস্বরূপ ডাক বিভাগের দেওয়া ই  – পেমেন্টের আসল রসিদটি আবেদন পত্রের নির্দেশের উপর নির্দিষ্ট স্থানে লাগিয়ে দিতে হবে এবং এর উপর আবেদনকারীকে তাঁর পুরো নাম সই করতে হবে।
    - (২) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙীন ফটোগ্রাফ আবেদন পত্রের নির্দেশের উপর নির্দিষ্ট স্থানে লাগিয়ে দিতে হবে এবং আবেদনকারী এই ফটোগ্রাফের ঠিক নীচের নির্দিষ্ট স্থানে তাঁর পুরো নাম সই করবেন।
- আবেদন পত্রের সঙ্গে কোন দস্তাবেজ (ডকুমেন্ট) সংযুক্ত করবেন না। পরে বেছে নেওয়া সংক্ষিপ্ত তালিকাভুক্ত পদপ্রার্থীদের তাঁদের সাক্ষাৎকার ভিত্তিক পরীক্ষার সময় আসল দস্তাবেজগুলি খুঁটিয়ে দেখা হবে।
- তপঃ জাতি, তপঃ উপজাতি ও অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীদের জন্য সংরক্ষণের সকল সুযোগ সুবিধা সংক্রান্ত কোন দাবী আবেদন পত্র জমা দেওয়ার পর কোনমতেই গ্রাহ্য হবে না।

## জ্ঞাতব্য বিষয় এবং প্রয়োজনীয় সংশাপত্র সমূহঃ

- তপঃ জাতি, তপঃ উপজাতি এবং শারীরিক প্রতিবন্ধী পদপ্রার্থীদের ক্ষেত্রে তাঁদেরকে এই দাবীর প্রমাণ স্বরূপ নিম্নে বর্ণিত যোগ্য আধিকারিকদের দ্বারা প্রদেয় শংসাপত্র দাখিল করতে হবে।
- তপঃ জাতি ও তপঃ উপজাতি ভুক্ত  পদপ্রার্থীদের ক্ষেত্রে :-
    - [ওয়েষ্ট বেঙ্গল সিডিউলড কাস্টস্ এণ্ড সিডিউলড ট্রাইব্স্ (আইডেন্টিফিকেশন) অ্যাক্ট  – ১৯৯৪ এবং তপঃ জাতি ও তপঃ উপজাতি বিভাগের আদেশনামা ২৬১  – টি ডব্লিউ/ইসি/এস আর – ১০৩ / ৯৪ তাং ০৬-০৪-১৯৯৫]
    - (১) জেলার ক্ষেত্রে, সংশ্লিষ্ট এলাকার মহকুমা শাসক,
    - (২) কলকাতার ক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলাশাসক, দক্ষিণ – ২৪ পরগণা অথবা জেলাশাসক দ্বারা অধিকার প্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক।
- বর্তমান/ এই নিয়গের ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধী/ শারীরিক প্রতিবন্ধকতা সম্পন্ন ব্যক্তি/ মেধাবী ক্রীড়াবিদ/ ছাড়প্রাপ্ত শ্রেণী/ অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীদের জন্য কোন সংরক্ষণের সুবিধা নেই।

# কমিশন কর্তৃক নির্দেশিত / স্থিরীকৃত সাধারণ শর্তাবলী

- ত্রুটিযুক্ত / অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল করা হবে।
- ফটোকপি ছাপা / টাইপ করা / ছাপানো / ডাউনলোড করে স্ক্যান করা নিদর্শ সরাসরি বাতিল করা হবে।
- কমিশনের ওয়েবসাইট (www.wbssc.gov.in) থেকে আবেদনকারী দ্বারা ডাউনলোড করা অফলাইনের আবেদন পত্রের নিদর্শ বা তথ্য মিত্র কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী দ্বারা ডাউনলোড করা নিদর্শ যাতে একমাত্র সংখ্যা এবং বারকোড থাকবে এবং ৭৫ জি. এস. এম. বিশিষ্ট এ-৪ সাইজের সাদা কাগজের দুই পার্শ্বে ছাপা হতে হবে। তবেই আবেদন পত্রটি গৃহীত হবে, অন্যথায় আবেদন পত্রটি সরাসরি বাতিল করা হবে।
- পরীক্ষাকেন্দ্রে প্রবেশ হবে সম্পূর্ণ শর্তাধীন এবং পরবর্তী সময়ে যোগ্যতা যাচাই এর উপর নির্ভরশীল। পরীক্ষা চলা কালীন উপযুক্ততার প্রমাণ সাপেক্ষে পরীক্ষাকেন্দ্রে উপস্থিতি স্বত্বেও পদপ্রার্থীতা বাতিল হতে পারে।
- পদপ্রার্থীদের পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে হলে তাঁদের পরিচয়ের প্রমাণস্বরূপ সরকার অনুমোদিত ফটো যুক্ত / ফটো সম্বলিত পরিচয়পত্র সঙ্গে আনতে হবে। অন্যথায়, তাঁকে পরীক্ষাকেন্দ্রে প্রবেশাধিকার দেওয়া হবে না / বা পদপ্রার্থীতা বাতিল করা হবে তাঁকে স্বপক্ষ সমর্থনের কোন সুযোগ না দিয়ে।
- এই ক্ষেত্রে যে সকল ফটো সম্বলিত পরিচয়পত্র গ্রহণ করা হবে সেগুলি হলঃ
    - সচিত্র ভোটার কার্ড।
    - পাশপোর্ট।
    - আধার কার্ড।
    - মাধ্যমিক বা সমতুল পরীক্ষার ফটো যুক্ত পরিচয়পত্র বা আডমিট কার্ড।
    - প্যান কার্ড।
    - ড্রাইভিং লাইসেন্স।
    - ফটোগ্রাফ যুক্ত ব্যাঙ্কের পাশবই।
    - উপযুক্ত সরকারী আধিকারিকের দেওয়া ফটো সম্বলিত পরিচয়পত্র।
- কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত পদপ্রার্থীদের যাচাই এর সময় সকল প্রয়োজনীয় শংসাপত্রের আসল এবং স্ব-প্রত্যয়িত ফটোকপি আনতে হবে। অন্যথায়, কিছু না জানিয়ে তাঁদের প্রার্থীপদ বাতিল করা হবে।
- পরীক্ষাকেন্দ্রে পদপ্রার্থীদের আবশ্যিকভাবে সুপারভাইজার বা ইনভিজিলেটরদের দেওয়া নির্দেশ মেনে চলতে হবে। যদি তাঁরা নির্দেশ না মানেন বা পরীক্ষাকেন্দ্রে বিশৃঙ্খলা সৃষ্টি করেন বা অসদাচরণ করেন সেক্ষেত্রে তাঁদের পরীক্ষাকেন্দ্র থেকে বহিষ্কার করা হবে বা কমিশন যথোপযুক্ত শাস্তির বিধান দিতে পারবে।
- পরীক্ষাকেন্দ্রের সুপারভাইজার বা পরীক্ষার হলের ইনভিজিলেটর কোন পদপ্রার্থীর বিরুদ্ধে তাঁদের নির্দেশ অমান্য করার অভিযোগ আনেন বা পরীক্ষাকেন্দ্রে অসদুপায় অবলম্বনের জন্য দায়ী সাব্যস্ত করেন সেক্ষেত্রে সেই পদপ্রার্থীর পদপ্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁকে পরবর্তীকালে অন্য পরীক্ষায় অংশগ্রহণ বা নির্বাচন থেকে নিবৃক্ত করা হতে পারে অভিযোগের সমূহ গুরুত্ব বিবেচনা করে।
- পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন / ক্যালকুলেটর / অন্য কোন বৈদুতিন যন্ত্রপাতি নিয়ে প্রবেশ নিষিদ্ধ, অন্যথায় কোনরকম আত্মপক্ষ সমর্থনে সুযোগ না দিয়েই পদপ্রার্থিতা বাতিল করা হতে পারে।
- সকল রকমের প্রচার পদপ্রার্থিতার অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

সচিব তথা পরীক্ষা সমূহের নিয়ামক
পশ্চিমবঙ্গ কর্মী চয়ন আয়োগ